ভোরের কাগজ

তারিখ NOV. 1 7 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

12

# লক্ষ্মীপুরের অধিকাংশ উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞানের প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই

## ব্যবহারিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত

এবিএম রিপন, রায়পুর থেকে : লক্ষ্মীপুর জেলার চারটি থানার অধিকাংশ উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞানাগার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি না থাকায় এসব বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের ব্যবহারিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

জেলার রায়পুর, রামগঞ্জ, রামগতি ও লক্ষ্মীপুর থানায় ১২৩টি উচ্চ বিদ্যালয় রয়েছে। এর মধ্যে অধিকাংশ বিদ্যালয়ে পদার্থবিজ্ঞানের স্লাইড ক্যালিভার্স, ব্যালেন্স, বিভিন্ন ধরনের চুম্বক, রসায়নবিজ্ঞানের হাইড্রোক্লোরিক এসিড, নাইট্রিক এসিড, এসিটিক এসিড, বেসিন, বিকার,রাসায়নিক দ্রব্য রাখার বোতল, স্ট্যান্ড এবং বায়োলজি মাইক্রোস্কোপসহ অন্যান্য যন্ত্রপাতির প্রয়োজনের এক-চতুর্থাংশও নেই। পুরোনো জং ধারা, ভাঙাচোরা জোড়া লাগানো স্বল্পসংখ্যক যন্ত্রপাতি দ্বারা স্বল্প পরিসরে ছাত্রছাত্রীদের গাদাগাদি করে কোনোমতে ব্যবহারিক শিক্ষা দেওয়া হয়। এ প্রতিনিধি রায়পুর, রামগঞ্জ ও রামগতির ৩০টি উচ্চ বিদ্যালয়ে গিয়ে দেখতে পান বিদ্যালয়গুলোর প্রধান শিক্ষকের কক্ষে বা অফিস কক্ষের এক কোণায় ভাঙা টেবিলের ওপর নামমাত্র যন্ত্রপাতি দ্বারা কোনমতে ছাত্রছাত্রীকে শিক্ষা দেওয়া হয়।

কয়েকটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, বিদ্যালয়গুলো সব সময় অর্থসঙ্কটে থাকে। ফলে তাদের পক্ষে বিজ্ঞান বিভাগের প্রয়োজনীয় সরঞ্জামাদি ক্রয় করা সম্ভব হয় না। বর্তমান বিজ্ঞানের যুগে ছাত্রছাত্রীদের উন্নত শিক্ষা প্রদানের জন্য বিদ্যালয়গুলোতে বিজ্ঞানাগারের প্রয়োজনীয় সরঞ্জামাদি সরকারিভাবে সরবরাহ করা প্রয়োজন বলে তারা জানান।